

মন্ত্রী বিষয়ভিত্তিক পাসের হার চেয়েছেন

ইংরেজীতে বেশি নম্বর দেয়ার অভিযোগ যশোর বোর্ড চেয়ারম্যানের অস্বীকার

শরিকুল আমান পিটু, এস.এস.সি. পরীক্ষার যশোর শিকা বোর্ডে পাসের হার সবচেয়ে বেশি হবার ঘটনায় সৃষ্টি হয়েছে বিষয়টি সারাদেশে গড় পাসের হার যেখানে ৫২ দশমিক ৫৭, সেখানে যশোর বোর্ডে এই পাসের হার ৬৯ দশমিক ১৯। গড় হারের চেয়ে যশোর (২-পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

ইংরেজীতে বেশি নম্বর

(প্রথম পাতার পর) বোর্ডে পাসের হার

১৬ দশমিক ৬২ ভাগ বেশি হবার পর প্রশ্ন উঠেছে, সারাদেশের মধ্যে যশোর বোর্ডের আওতাধীন শিকা প্রতিষ্ঠানে এমন কি তদুপত পরিবর্তন এসেছে? অবিশ্বাস্য এই ফল কিভাবে হলো তা বোর্ড শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুককে অবহিত করা হয়েছে। শিকা মন্ত্রণালয় সূত্র জ্ঞানায়, মন্ত্রী প্রত্যেক বোর্ডের প্রতিটি বিষয়ে পাসের হার মন্ত্রণালয়ে জমা দেবার নির্দেশ দিয়েছেন।

সূত্র জ্ঞানায়, যশোর বোর্ডে ইংরেজী প্রথমপত্রের কাভার্য ছাত্রছাত্রীদের প্রায় ৯২ ভাগ পাস করেছে। বেশিরভাগ পরীক্ষার্থী যেহেতু ইংরেজীতে ফেল করে, সেহেতু প্রধান পরীক্ষকদের প্রতি বোর্ড থেকে এ ধরনের নম্বর প্রদানের মৌখিক নির্দেশনা দেয়া হয়। ইংরেজীতে ৯২ ভাগ পরীক্ষার্থী পাস করানোর ফলে বোর্ডের সামগ্রিক পাসের হার হ হ করে বেড়ে গেছে। বোর্ড চেয়ারম্যান চলতি মাসে অবসরে যাওয়ার আগে এবং নতুন সুযোগ পাবার লক্ষ্যে বিশেষ কৃতিত্ব নেবার জন্য সব বোর্ডের মধ্যে সেরা হবার চেষ্টা করেছেন বলে অভিযোগ তোলা হয়েছে।

এদিকে কম্পিউটার সেটার থেকে পাওয়া তথ্য দেখা যায়, ঢাকা বোর্ডে ইংরেজী প্রথমপত্রে পাস করেছে ৬১ ভাগ পরীক্ষার্থী এবং দ্বিতীয়পত্রে পাস করেছে ৭২ ভাগ পরীক্ষার্থী। অন্যান্য বোর্ডেও ইংরেজীতে পাসের হার যশোর বোর্ডের তুলনায় কম।

তবে যশোর বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এবিএম সাগর ইংরেজীতে নম্বর বাড়িয়ে দেবার অভিযোগ অস্বীকার করেছেন। তিনি জনকণ্ঠকে বলেন, যশোর বোর্ডে ইংরেজী প্রথম ও দ্বিতীয়পত্রে পাসের হার ৭২ এবং ৭০ ভাগ। ইংরেজী প্রথমপত্রে শতকরা ৯২ ভাগ নম্বর প্রদানের অভিযোগ সঠিক নয় বলে তিনি মন্তব্য করেন। সারাদেশের মধ্যে যশোর বোর্ডে পাসের হার এত বেশি হওয়া সম্পর্কে প্রফেসর সাগর বলেন, ঠিকমতো দেখাশুড়া করলে ভাল ফল হবে। যশোর বোর্ডের আওতাধীন হলে আগের তুলনায় ভাল পড়াশোনা হচ্ছে এবং শিক্ষক ও শিক্ষার্থীর আন্তরিকতা বেড়েছে বলে তিনি মনে করেন। চেয়ারম্যান আরও জানান, যশোর বোর্ড ভাল ফল করার কারণ কারণে মাথাব্যথা হয়েছে। কিন্তু এটি লুকানোর কোন বিষয় নয়।